



ভুল সংবাদে প্রথম আলো শীর্ষে, গবেষণায় কালবেলা ও ইত্তেফাকের নাম



সংগৃহীত ছবি

দেশের গণমাধ্যমে ভুল সংবাদ প্রকাশের প্রবণতা আশঙ্কাজনকভাবে বেড়েছে—এমন চিত্র উঠে এসেছে সম্প্রতি এক গবেষণাপত্রে। এতে দেখা গেছে, ভুল বা ভুয়া সংবাদ প্রকাশ করে পরে তা প্রত্যাহার করতে বাধ্য হয়েছে সবচেয়ে বেশি ‘প্রথম আলো’। দ্বিতীয় স্থানে রয়েছে ‘দৈনিক কালবেলা’ এবং তৃতীয় অবস্থানে রয়েছে ‘দৈনিক ইত্তেফাক’। এই তথ্য উঠে এসেছে শনিবার সকালে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) আয়োজিত এক সেমিনারে উপস্থাপিত গবেষণাপত্রে। গবেষণাটি পরিচালনা করেছেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ‘ইনহ্যান্সিং বাংলা ল্যান্ডস্কেপ ইন ইনফরমেশন টেকনোলজি থ্রু রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (EBLICT)’ প্রকল্পের পরামর্শক মমুনুর রশীদ। গবেষণাপত্রে বলা হয়, গত বছরের ৫ আগস্টের শিক্ষার্থী-গণঅভ্যুত্থান-এর পর থেকে দেশের বিভিন্ন গণমাধ্যমে ভুয়া ও ভিত্তিহীন সংবাদের প্রবণতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এমনকি দেশের শীর্ষস্থানীয় মূলধারার সংবাদমাধ্যমগুলিও এই প্রবণতা থেকে মুক্ত নয়। গবেষকরা জানান, নির্ভরযোগ্য ও সত্যভিত্তিক প্রতিবেদনের পরিবর্তে এখন অনেক গণমাধ্যম ‘ভাইরাল’ হওয়ার মতো বিষয়বস্তুর উপর বেশি গুরুত্ব দিচ্ছে। এর ফলে গণমাধ্যমের গ্রহণযোগ্যতা ও তথ্যের নির্ভরযোগ্যতা প্রশ্নবিদ্ধ হচ্ছে। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমেদ বলেন, “মানুষ এখন সত্য তথ্যের চেয়ে মিথ্যা ও উত্তেজনাকর খবরের প্রতি বেশি আকৃষ্ট হয়। এই কারণে অনেক গণমাধ্যম আর্থিক লাভের উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে ভুয়া সংবাদ প্রচার করছে।” তিনি আরও বলেন, এই প্রবণতা গণমাধ্যমের স্বাধীনতা এবং জনসাধারণের তথ্য জানার অধিকারকে হুমকির মুখে ফেলছে।